

ପ୍ରମାଣୟ

ପ୍ରିଣ୍ଟ: ୦୫ ମେ ୨୦୨୫, ୦୫:୨୨ ଏଏମ

ଶିକ୍ଷାଜ୍ଞନ

ମୁଚ୍ଲେକା ଦିଲେ ମାମଲା ଥିକେ ମୁକ୍ତି ପାବେ ବବି ଶିକ୍ଷାର୍ଥୀରା



ବରିଶାଳ ବ୍ୟରୋ

ପ୍ରକାଶ: ୦୪ ମେ ୨୦୨୫, ୦୩:୧୬ ପିଏମ



বরিশাল বিশ্ববিদ্যালয়ে (ববি) রেজিস্ট্রার মনিরুলকে অপসারণসহ চার দফা দাবিতে আন্দোলন করেছিল শিক্ষার্থীরা। এ ঘটনায় থানায় ১০ শিক্ষার্থীর নামে সাধারণ ডায়েরি (জিডি) করেছিলেন ববির সহকারী রেজিস্ট্রার (নিরাপত্তা) কে এম সানোয়ার পারভেজ লিটন। এছাড়া ববি উপাচার্যের বাসভবনের প্রবেশ গেট ভাঙ্গুরের অভিযোগে ৩২ শিক্ষার্থীর বিরুদ্ধে মামলা হয়েছিল। এ জিডি ও মামলা থেকে শিক্ষার্থীরা কীভাবে মুক্তি পাবেন তা জানিয়েছেন ববি উপাচার্য শুচিতা শরমিন।

রোববার বেলা সাড়ে ১১টায় নিজ বাসভবনে ডাকা সংবাদ সম্মেলনে উপাচার্য বলেন, ‘মুচলেকা দিলে নিজ বিশ্ববিদ্যালয় প্রশাসনের করা মামলা ও সাধারণ ডায়েরি মুক্তি পাবে অভিযুক্ত শিক্ষার্থীদের।’ শিক্ষার্থীদের দাবি অনুযায়ী রেজিস্ট্রার মনিরুল ইসলামকে অপসারণ করা হয়েছে বলে সংবাদ সম্মেলনে জানান উপাচার্য।

সংবাদ সম্মেলনে শুচিতা শরমিন বলেন, ‘সিভিকেট সভার সিদ্ধান্ত অনুযায়ী, রেজিস্ট্রার মনিরুলকে পদ থেকে অপসারণ করা হয়েছে। আগামী সাতদিনের মধ্যে বিজ্ঞপ্তির মাধ্যমে নতুন রেজিস্ট্রার নিয়োগ দেওয়া হবে। ইংরেজি বিভাগের অধ্যাপক মোহাম্মদ মহসিন উদ্দিন বিষয়টি নিয়ে তিনি হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন। আদালত এর সিদ্ধান্ত দেবেন।’

তিনি আরও বলেন, ‘ফ্যাসিস্ট সরকারের সমর্থক শিক্ষক-কর্মকর্তাদের চিহ্নিত করতে ও ব্যবস্থা নিতে একজন সিভিকেট সদস্যকে দায়িত্ব দেওয়া হয়েছে।’